An Phríomh-Oifig Staidrimh | Central Statistics Office

Bengali

আয়ারল্যান্ডের আদমশুমারি
রবিবার 3 এপ্রিল 2022

অনুবাদ ফর্ম

এটি ইংরেজি ভাষায় আদমশুমারি ফরমের প্রশ্নগুলোর অনুবাদ। অনুগ্রহ করে এটি আপনার আদমশুমারি ফরম পূরণ করতে সহায়ক হিসাবে ব্যবহার করুন। আপনাকে আপনার উত্তরগুলো অবশ্যই আদমশুমারি ফরমের ইংরেজি বা আইরিশ সংস্করণে

আদমশুমারি 2022

আদমশুমারি 2022, 3 এপ্রিল রবিবার অনুষ্ঠিত হবে এবং সে রাত্রে দেশের সমস্ত ব্যক্তি এবং পরিবারকে গণনা করা হবে। 1841 সাল থেকে শুরু করে এটি ছাব্বিশতম আদমশুমারি অনুষ্ঠিত হতে চলেছে। আদমশুমারির ফলাফল আমাদের দেশবাসীর সামাজিক এবং জীবনযাত্রার অবস্থার একটি সর্বাঙ্গীণ চিত্র তুলে ধরবে এবং ভবিষ্যতের জন্য পরিকল্পনা করার কাজে সহায়ক হবে।

অংশ নেয়ার ক্ষেত্রে আইনগত বাধ্যবাধকতা

এটি পরিসংখ্যান আইন 1993-এর ধারা 26-এর অধীন একটি বিজ্ঞপ্তি। এই আদমশুমারি পরিসংখ্যান আইন 1993 এবং পরিসংখ্যান (আদমশুমারি) আদেশ 2020 অনুসরণে করা হচ্ছে। পরিসংখ্যান আইন 1993-এর ধারা 26 ও 27 অনুসারে আপনি এই ফরম পূরণ করতে এবং ফেরত দিতে বাধ্য। পরিসংখ্যান আইন 1993 এর ধারা 24 অনুয়ায়ি এই ফরম এর কেবলমাত্র টাইম ক্যাপসুল বিভাগ ইচ্ছাধীন। এর অর্থ হল, আপনি এই বিভাগ পূরণ করতে বাধ্য নন। অন্যান্য সমস্ত বিভাগ বাধ্যতামূলক। এই তথ্য সরবরাহ করতে যে ব্যক্তি ব্যর্থ হবে বা প্রত্যাখ্যান করবে বা যে জেনে-শুনে মিথ্যা তথ্য সরবরাহ করবে তাকে 44,440 ইউরো পর্যন্ত জরিমানা করা হতে পারে।

গোপনীয়তা নিশ্চিত করা হয়েছে

পরিসংখ্যান আইন 1993 এই আইনি নিশ্চয়তা প্রদান করে যে, আপনার আদমশুমারির বিবরণ অবশ্যই 100 বছরের জন্য গোপনীয় হিসাবে বিবেচিত হবে। আপনার আদমশুমারির বিবরণে যে তথ্য আপনি সরবরাহ করছেন তা যাতে ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য না হয় সে উদ্দেশ্যে কেন্দ্রীয় পরিসংখ্যান অফিস (সিএসও) কর্তৃক বেনামে রাখা হবে এবং কেবলমাত্র পরিসংখ্যান সংক্রান্ত উদ্দেশ্যে তা ব্যবহৃত হবে। আদমশুমারির তথ্য ব্যবহার সম্পর্কিত আরও তথ্য www.census.ie-এ পাওয়া যাবে।

তথ্য সুরক্ষা

আদমশুমারি সাধারণ তথ্য সুরক্ষা নিয়ন্ত্রণ (জিডিপিআর) এবং তথ্য সুরক্ষা আইন 2018 দ্বারা নিয়ন্ত্রিত। সমস্ত সিএসও সমীক্ষার পরিকল্পনা করা হয়েছে প্রযোজ্য আইন মেনে চলার জন্য। জিডিপিআর এর 89 অনুচ্ছেদের সাথে সামঞ্জস্য রেখে ইহার ব্যবহার, সংশোধন, মুছে ফেলা, প্রক্রিয়াকরণের বিধিনিষেধ এবং প্রক্রিয়াকরণে আপত্তি করার অধিকার সম্পর্কিত সুনির্দিষ্ট কিছু জিডিপিআর অধিকার আইনি বিধিনিষেধের আওতায় আসতে পারে। আপনার তথ্য সুরক্ষার অধিকার, এবং প্রশ্ন জিজ্ঞাসার প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা www.census.ie-এ রয়েছে

আপনাকে কী করতে হবে

অনুগ্রহ করে এই ফরমটি একটি নিরাপদ স্থানে রেখে দিন এবং এটি 3 এপ্রিল রবিবার, আদমশুমারির রাত্রে পূরণ করুন। ফরমটি পূরণ করতে আপনার সহায়তার জন্য **পিছনের পৃষ্ঠায় ব্যাখ্যা** দেখবেন। মনে করে ঘোষণাপত্রের 23 পৃষ্ঠায় স্বাক্ষর করুন এবং আপনার গণনাকারীর সংগ্রহের জন্য আপনার পূরণ করা ফরমটি প্রস্তুত রাখুন।

আদমশুমারির ফরমটি কার পূরণ করা উচিত?

রবিবার 3 এপ্রিল রাত্রে উপস্থিত বাড়ির কর্তা বা বাড়ির যে কোনো প্রাপ্তবয়স্ক সদস্যের ফরমটি পূরণ করতে হবে। প্রতিটি পরিবারের জন্য একটি পৃথক পারিবারিক পূরণ করতে হবে।

একটি পরিবার হলে:

- একা থাকা যে কোনো ব্যক্তি, বা
- একই পারিবারিক ব্যবস্থায় একই ঠিকানায় থাকা এক দল আত্মীয় বা অনাত্মীয় ব্যক্তি, তারা দিনে কমপক্ষে একবার খাবার ভাগ করে খায় বা শোওয়ার ঘর বা বসার ঘর শেয়ার করে ব্যবহার করে।

আপনার কি অতিরিক্ত ফরমের প্রয়োজন?

যদি এই ঠিকানায় একটির বেশি পরিবার থাকে তবে আপনার গণনাকারীর কাছ থেকে অন্য একটি পারিবারিক ফরম চেয়ে নেবেন। যদি আপনার পরিবারে 3 এপ্রিল, রবিবার ছয় জনের বেশি লোক থেকে থাকে তবে আপনার গণনাকারীর কাছ থেকে প্রতি অতিরিক্ত ব্যক্তির জন্য একটি নীল রঙের অতিরিক্ত ফরম চেয়ে নিন।

কিভাবে আপনার আদমশুমারির ফরম পূরণ করবেন

1. একটি কালো বা নীল কালির কলম ব্যবহার করুন।
2. ঘরগুলো এভাবে চিহ্নিত করুন —
3. যদি আপনি কোনো ভুল করে থাকেন তবে এটি করুন ■ এবং সঠিক ঘরটি চিহ্নিত করুন।

যেখানে আপনার একটি উত্তর লেখা প্রয়োজন সেখানে অনুগ্রহ করে বড় হাতের অক্ষর ব্যবহার করুন এবং প্রতিটি শব্দের মাঝে একটি করে ঘর খালি রাখুন। যদি কোনো শব্দের জন্য অতিরিক্ত ঘরের প্রয়োজন হয় তবে একটি নতুন লাইনে চলে যান, যেমন:

T	A	X	I		D	R	I	V	E
R									

আপনার গণনাকারী

যদি আপনার আদমশুমারি বিষয়ক কোনো প্রশ্ন থাকে তবে আপনার গণনাকারী আপনাকে সহায়তা করবে। অনুগ্রহ করে আদমশুমারি 2022 এর সাফল্য নিশ্চিত করতে সাহায্যের জন্য আপনার গণনাকারীর সাথে সম্পূর্ণরূপে সহযোগিতা করুন।

আপনার ফরম সংগ্রহের জন্য প্রস্তুত রাখুন

আপনার গণনাকারী আপনার পূরণ করা ফরম সংগ্রহ করতে সোমবার 4 এপ্রিল থেকে সোমবার 2 মে এর মধ্যে আসবেন।

যদি আপনার ফরমটি 2 মে এর মধ্যে সংগৃহীত না হয়ে থাকে তবে অনুগ্রহ করে এটি সম্পূর্ণরূপে পূরণ করে Central Statistics Office, PO Box 2021, Freepost F4726, Swords, Co. Dublin K67 D2X4. এ পাঠিয়ে দিন

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ



Pádraig Dalton
ডিরেক্টর জেনারেল

এখানে শুরু করুন

H1 আপনার বাড়ি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট প্রথম কবে তৈরি করা হয়েছিল?

সেই বছরটি ▬ দ্বারা চিহ্নিত করুন যখন প্রথম তৈরি করা হয়েছিল এমনকি যদি বিল্ডিংটি পরবর্তী সময়কালে রূপান্তরিত, প্রসারিত বা পুনঃ সংস্কার করা হয়ে থাকে

1 1919 এর আগে
2 1919 থেকে 1945
3 1946 থেকে 1960
4 1961 থেকে 1970
5 1971 থেকে 1980
6 1981 থেকে 1990
7 1991 থেকে 2000
8 2001 থেকে 2010
9 2011 থেকে 2015
10 2016 বা পরবর্তী সময়কালে

H2 বাসস্থানটি কি আপনার পরিবারের মালিকানার, নাকি ভাড়াতে নেওয়া হয়েছে?

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন

1 মর্টগেজ বা ঋণ সহ মালিকানা
2 সম্পূর্ণ মালিকানা
3 ভাড়া
4 বিনা ভাড়ায় বসবাস

ভাড়ার ক্ষেত্রে আপনার বাড়িওয়ালা কে?

1 ব্যক্তি মালিকানার বাড়িওয়ালা
2 স্থানীয় কর্তৃপক্ষ
3 স্বেচ্ছাসেবী/সমবায় ভিত্তিক আবাসন কর্তৃপক্ষ

H3 যদি আপনার বাসস্থানটি ভাড়ায় নেওয়া হয়ে থাকে তবে আপনার পরিবার কী পরিমাণ ভাড়া দেয়?

পরিমানটি নিকটবর্তী ইউরোতে লিখুন।

€ ▢▢▢▢▢ . ▢▢

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন

1 প্রতি সপ্তাহে
2 প্রতি মাসে
3 প্রতি বছরে

H4 আপনার বাসস্থানে কয়টি স্মোক অ্যালার্ম কাজ করে?

স্মোক অ্যালার্ম এর সংখ্যা লিখুন

▢▢ নেই

H5 কেবল আপনার পরিবারের ব্যবহারের জন্য আপনাদের কাছে কয়টি কক্ষ রয়েছে?

- *বাথরুম, টয়লেট, রান্নার স্থান, ইউটিলিটি রুম, কনসালটিং রুম, অফিস, দোকান, হল, ল্যান্ডিং বা আলমারির মতো কেবল সংরক্ষণের জন্য ব্যবহার করা যায় এমন কক্ষকে হিসাবে ধরবেন না*
- *রান্নাঘর, বসার ঘর, শোবার ঘর, পড়াশুনার ঘর এবং আপনি বসতে পারেন এমন কনজারভেটরি হিসাবের মধ্যে ধরবেন*
- *যদি দু'টি ঘরকে যুক্ত করে একটি করা হয় তবে এ দুটি কে একটি ঘর হিসাবে ধরবেন*

রুম সংখ্যা ▢▢

যেখানে শোবার ঘর ▢▢

H6 আপনার বাসস্থান কেন্দ্রীয়ভাবে গরম রাখতে কোন ধরনের জ্বালানি ব্যবহার করা হয়?

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন

1 কোনো কেন্দ্রীয়ভাবে গরম রাখার ব্যবস্থা নেই
2 তেল
3 প্রাকৃতিক গ্যাস
4 বিদ্যুৎ
5 কয়লা (অ্যানথ্রাসাইটসহ)
6 পিট (টার্ফসহ)
7 তরল পেট্রোলিয়াম গ্যাস (LPG)
8 কাঠ (কাঠের গোলাসহ)
9 অন্যান্য

H7 আপনার বাসস্থানে স্থানে কোনো নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার করা হয় কি?

প্রযোজ্য ঘরটি ▬ চিহ্নিত করুন

1 না
2 পানি গরম করার জন্য সোলার প্যানেল
3 বিদ্যুৎ এর জন্য সোলার প্যানেল
4 বায়ু চালিত টারবাইন
5 এয়ার সোর্স হিট পাম্প
6 গ্রাউন্ড সোর্স হিট পাম্প
7 কাঠ
8 অন্যান্য

H8 আপনার বাসস্থান কি কোন প্রকারের পাইপবাহী পানি সরবরাহের ব্যবস্থা রয়েছে?

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন

1 সার্বজনীন সরবরাহ
2 পাবলিক গ্রুপ স্কিম
3 প্রাইভেট গ্রুপ স্কিম
4 ব্যক্তিগত উৎস (যেমন- কূপ, হ্রদ, বৃষ্টির পানির ট্যাংক ইত্যাদি)
5 কোনো পাইপবাহী পানির সরবরাহ নেই

H9 আপনার বাসস্থানে কোন প্রকারের নর্দমা ব্যবস্থা রয়েছে?

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন

1 সার্বজনীন নর্দমা
2 পৃথক সেপটিক ট্যাঙ্ক
3 সেপটিক ট্যাঙ্ক ব্যতীত পৃথক ট্রিটমেন্ট ব্যবস্থা
4 অন্যান্য নর্দমা ব্যবস্থা
5 কোনো নর্দমা ব্যবস্থা নেই

H10 আপনার পরিবারের এক বা একাধিক সদস্যের ব্যবহারের জন্য কতগুলো গাড়ি বা ভ্যান আপনার মালিকানাধীন রয়েছে অথবা আপনি ব্যহবার করতে পারেন?

যদি ব্যক্তিগত ব্যবহারের জন্য কোনো কোম্পানির দেওয়া গাড়ি বা ভ্যান থাকে তা অন্তর্ভুক্ত করুন।

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন

1 এক
2 দুই
3 তিন
4 চার বা অধিক
5 একটিও না

H11 আপনার পরিবারের কোন ধরনের ইন্টারনেটে সংযোগ রয়েছে?

প্রযোজ্য ঘরটি ▬ চিহ্নিত করুন

1 ফিক্সড ব্রড ব্যান্ড (যেমন – ফোন/টিভি কেবল, ইন্টারনেট কেবল ইত্যাদি)
2 মোবাইল ব্রডব্যান্ড (যেমন - 3G, 4G, ডঙ্গল ইত্যাদি)
3 স্যাটেলাইট
4 অন্যান্য সংযোগ
5 ইন্টারনেট সংযোগ নাই

সংযোগ থাকলে আপনার পরিবারে কোন যন্ত্র ইন্টারনেট ব্যবহার করে?

প্রযোজ্য ঘরগুলো ▬ চিহ্নিত করুন

1 ডেক্সটপ পিসি
2 ল্যাপটপ (নোটবুক, নেটবুক ইত্যাদিসহ)
3 ট্যাবলেট
4 মোবাইল ফোন
5 স্মার্ট টিভি
6 ভিডিও গেম কনসোল
7 স্মার্ট গৃহস্থালী সামগ্রী
8 অন্যান্য, বিবরণ লিখুন

H12 ▶ পরের পৃষ্ঠায় যান

আদমশুমারির রাত্রে সমস্ত ব্যক্তি যেখানে রাত কাটিয়েছেন তাদের অবশ্যই সেখানে গণনা

নিচে দুটি তালিকা রয়েছে। তালিকা 1 হল 3 এপ্রিল আদমশুমারির রাত্রে এই ঠিকানায় উপস্থিত ব্যক্তিদের জন্য। তালিকা 2 হল সেই ব্যক্তিদের জন্য যারা সাধারণতঃ এই ঠিকানায় বাস করে, তবে অস্থায়ীভাবে রবিবার 3 এপ্রিল রাত্রে দূরে ছিল। কোনো ব্যক্তির সাধারণ আবাসস্থলের ব্যাখ্যায় সহায়তার জন্য পিছনের পৃষ্ঠায় প্রশ্ন 7-এর সাথে সম্পর্কিত ব্যাখ্যাগুলি দেখুন।

উপস্থিত ব্যক্তিগণ

1 নং তালিকায় অন্তর্ভুক্ত করুন

- ✓ রবিবার 3 এপ্রিল মধ্য রাত্রে এই ঠিকানায় কাটানো জীবিত সমস্ত ব্যক্তি।
- ✓ অস্থায়ীভাবে পরিবারে যেসব ব্যক্তি বাস করেছে (অর্থাৎ অতিথিগণ)।
- ✓ যেসব ব্যক্তি পরের দিন সকালে পৌঁছেছে, এবং অন্য কোথাও গণনায় অন্তর্ভুক্ত হয়নি।
- ✓ রবিবার 3 এপ্রিল মধ্য রাতের আগে জন্মগ্রহণকারী শিশুরা।

1 নং তালিকায় অন্তর্ভুক্ত করবেন না

- × এমন সব ব্যক্তি যারা সাধারণত এই ঠিকানায় বাস করে, তবে অস্থায়ীভাবে রবিবার 3 এপ্রিল রাত্রে দূরে ছিল। এসব ব্যক্তিকে নিচের 2 নং তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে।
- × 3 এপ্রিল রবিবার রাত্রে যেসব শিক্ষার্থী বাড়ি থেকে দূরে ছিল। তাদের নিচের 2 নং তালিকায় অনুপস্থিত হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে।
- × রবিবার 3 এপ্রিল মধ্য রাতের পরে জন্মগ্রহণকারী শিশুরা।

তালিকা 1 **রবিবার 3 এপ্রিল রাত্রে পরিবারে উপস্থিত ব্যক্তিরা**

ব্যক্তি নং	বড় হাতের অক্ষরে নামের প্রথম অংশ ও বংশনাম/উপাধি
1	
2	
3	
4	
5	
6	

রবিবার 3 এপ্রিল রাত্রে পরিবারে উপস্থিত প্রত্যেক ব্যক্তির সাথে সম্পর্কিত প্রশ্নগুলো এখানে যেভাবে তালিকাবদ্ধ আছে সেই ক্রমে পৃষ্ঠা 4 থেকে শুরু করে

ব্যক্তি নং	
7	
8	
9	
10	
11	
12	

আপনার গণনাকারীর কাছে বিদ্যমান নীল রঙ-এর অতিরিক্ত ফরমে 7, 8, 9 ইত্যাদি ব্যক্তিদের সাথে সম্পর্কিত প্রশ্নগুলির উত্তর দিন।

অনুপস্থিত ব্যক্তিগণ

2 নং তালিকায় অন্তর্ভুক্ত করুন

- ✓ এমন সব ব্যক্তি যারা সাধারণত এই ঠিকানায় বাস করে, তবে অস্থায়ীভাবে রবিবার 3 এপ্রিল রাত্রে দূরে ছিল।
- ✓ দূরে স্কুল বা কলেজে থাকা শিক্ষার্থীরা।

2 নং তালিকায় অন্তর্ভুক্ত করবেন না

- × 1 নং তালিকায় অন্তর্ভুক্ত যে কেউ।

তালিকা 2 **এমন অনুপস্থিত ব্যক্তিরা যারা সাধারণত পরিবারে বাস করে**

ব্যক্তি নং	বড় হাতের অক্ষরে প্রথম নাম ও পদবী
1	
2	
3	
4	

সাধারণভাবে পরিবারে বসবাসকারী যারা 3 এপ্রিল রবিবার রাত্রে পরিবার থেকে দূরে ছিল তাদের প্রত্যেকের জন্য 22 নং পৃষ্ঠা থেকে শুরু করে প্রশ্নগুলির এখানে যেভাবে তালিকাবদ্ধ রয়েছে সেই ক্রমে উত্তর দিন।

যদি সাধারণভাবে পরিবারে বসবাসকারী 4 জনের চেয়ে বেশি রবিবার 3 এপ্রিল রাত্রে অনুপস্থিত থেকে থাকে তবে অনুগ্রহ করে

1 আপনার নাম কি? (ব্যক্তি 1)

নামের প্রথম অংশ (বড় হাতের অক্ষরে)

বংশনাম/উপাধি (বড় হাতের অক্ষরে)

2 আপনার লিঙ্গ পরিচয় কি?

1 পুরুষ 2 নারী

3 আপনার জন্ম তারিখ কি?

দিন মাস বছর

4 ব্যক্তি 1-এর সাথে আপনার সম্পর্ক কি?

কেবল একটি ঘর চিহ্নিত করুন

2 নং ব্যক্তির সম্পর্ক এর সাথে		ব্যক্তি 1
স্বামী বা স্ত্রী	1	
পার্টনার (এতে সম লিঙ্গের পার্টনার অন্তর্ভুক্ত করুন)	2	
পুত্র বা কন্যা	3	
সৎ সন্তান	4	
ভাই বা বোন	5	
মা বা বাবা	6	
সৎ মা/-বাবা	7	
নাতি/নাতনি	8	
অন্যান্য সম্পর্ক	9	
সম্পর্ক নেই (পালিত সন্তানসহ)	10	

5 বর্তমানে আপনার বৈবাহিক অবস্থা কি?

15 বছর বা অধিক বয়সী হলে উত্তর দিন।

কেবল একটি ঘর চিহ্নিত করুন

1 অবিবাহিত (কখনো বিয়ে হয়নি বা কখনো সমলিঙ্গের আইনি সম্পর্ক ছিল না)

2 বিবাহিত (প্রথম বিবাহ)

3 পুনরায় বিবাহিত

4 নিবন্ধিত সম লিঙ্গের আইনি সম্পর্ক

5 বিচ্ছিন্ন

6 বিবাহবিচ্ছেদ

7 বিধবা/বিপত্নীক

6 আপনার জন্মস্থান কোথায়?

আপনার জন্মের সময় আপনার মা যেখানে ছিল সেই স্থানের নাম উল্লেখ করুন।

আয়ারল্যান্ড হলে (উত্তর আয়ারল্যান্ডসহ) কাউন্টির নাম লিখুন।বিদেশ হলে সেই দেশের নাম লিখুন

7 আপনি সাধারণত কোথায় বাস করেন?

1 এখানে এই ঠিকানায়

2 আয়ারল্যান্ডের অন্য কোনো স্থানে (উত্তর আয়ারল্যান্ডসহ), আপনার পুরো ঠিকানা লিখুন

E I R C O D E

3 বিদেশে অন্য কোনো স্থানে, দেশের নাম লিখুন

8 আপনি এক বছর আগে সাধারণত কোথায় বাস করতেন?

1 বছর বা অধিক বয়সী হলে উত্তর দিন।

1 বর্তমানের মতোই

2 আয়ারল্যান্ডের অন্য কোনো স্থানে (উত্তর আয়ারল্যান্ডসহ) কাউন্টির নাম লিখুন।

3 বিদেশে অন্য কোনো স্থানে, দেশের নাম লিখুন

9 আপনি কি আয়ারল্যান্ড প্রজাতন্ত্রের বাইরে কোথাও এক বছর বা তার বেশি সময়ের জন্য একটানা থেকেছেন?

1 বছর বা অধিক বয়সী এবং আয়ারল্যান্ড প্রজাতন্ত্রে বাস করলে উত্তর দিন।

1 হ্যাঁ 2 না

'হ্যাঁ' হলে যে বছর আয়ারল্যান্ড প্রজাতন্ত্রে শেষ বসবাস করা আরাম্ভ করেন

এবং

পূর্বে শেষ বসবাসের দেশ।

10 আপনার নাগরিকত্বের দেশ কোনটি?

আপনার -দ্বৈত-নাগরিকত্ব থেকে থাকলে অনুগ্রহ করে দুটিই ঘোষণা করুন।

1 আয়ারল্যান্ড

2 অন্য নাগরিকত্ব, এতে লিখুন

3 কোনো নাগরিকত্ব নেই

11 আপনার নৃতাত্ত্বিক গোষ্ঠী/ভিত্তি কি?

A থেকে D-এর একটি বিভাগ বেছে নিন তারপর সঠিক ঘর চিহ্নিত করুন

A শ্বেতাঙ্গ

1 আইরিশ

2 আইরিশ ট্রাভেলার

3 রোমা

4 অন্য কোনো শ্বেতাঙ্গ ভিত্তি

B কৃষ্ণাঙ্গ বা কৃষ্ণাঙ্গ আইরিশ

5 আফ্রিকান

6 অন্য কোনো কৃষ্ণাঙ্গ ভিত্তি

C এশীয় বা এশীয় আইরিশ

7 চীনা

8 ভারতীয়/পাকিস্তানি/বাংলাদেশি

9 অন্য কোনো এশীয় পটভূমি

D অন্যান্য, মিশ্র গোষ্ঠী/ভিত্তিসহ

10 আরবি

11 মিশ্র, বিবরণে লিখুন

12 অন্যান্য, বিবরণে লিখুন

12 আপনার ধর্ম কি, যদি থাকে?

কেবল একটি ঘর চিহ্নিত করুন

1 ধর্ম নাই

2 রোমান ক্যাথলিক

3 চার্চ অব আয়ারল্যান্ড

4 ইসলাম

5 অর্থোডক্স খ্রিষ্টান

6 প্রেসবাইটেরিয়ান

7 অন্যান্য, আপনার ধর্ম লিখুন

13 আপনি কি আইরিশ বলতে পারেন?

3 বছর বা অধিক বয়সী হলে উত্তর দিন।

1 হ্যাঁ 2 না

'হ্যাঁ' হলে আপনি কি আইরিশ বলেন?

প্রযোজ্য ঘরগুলো চিহ্নিত করুন

1 প্রতিদিন, মধ্যে শিক্ষাক্ষেত্রে

2 প্রতিদিন, শিক্ষাক্ষেত্রে বাইরে

3 সাপ্তাহিক

4 মাঝে মাঝে

5 কখনো না

'হ্যাঁ' হলে আপনি কতটা ভাল আইরিশ বলেন?

কেবল একটি ঘর চিহ্নিত করুন

1 খুব ভাল

2 ভাল

3 ভাল নয়

14 **আপনি কি বাড়িতে ইংরেজি বা আইরিশ ব্যতীত অন্য কোনো ভাষায় কথা বলেন?**

1 ☐ হ্যাঁ

2 ☐ না ▶ **Q15-এ যান**

সেই ভাষাটি কি?

☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

(যেমন - পোলিশ, জার্মান, আইরিশ সাঙ্কেতিক ভাষা)

আপনি কতটা ভাল ইংরেজি বলতে পারেন?

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন

1 ☐ খুব ভাল

2 ☐ ভাল

3 ☐ ভাল না

4 ☐ মোটেই না

15 **আপনার কী নিম্নলিখিতগুলোর মধ্যে কোনো দীর্ঘস্থায়ী অবস্থা বা জটিলতা রয়েছে?**

	1 হ্যাঁ, অনেক টা তাই	2 হ্যাঁ, খানিক টা তাই	3 না
(a) অন্ধত্ব বা দৃষ্টিশক্তিতে বিকলতা	1 ☐	2 ☐	3 ☐
(b) শ্রবণ ক্ষমতাহীন বা শ্রবণশক্তিতে বিকলতা	1 ☐	2 ☐	3 ☐
(c) হাঁটা, সিঁড়ি বেয়ে ওঠা, পৌঁছানো, তোলা বা বহন করার মতো সাধারণ শারীরিক কাজগুলো করতে অসুবিধা	1 ☐	2 ☐	3 ☐
(d) বুদ্ধিবৃত্তিক অক্ষমতা	1 ☐	2 ☐	3 ☐
(e) শেখা, মনে রাখা বা মনোনিবেশ করতে অসুবিধা	1 ☐	2 ☐	3 ☐
(f) কোনো মনস্তাত্বিক বা আবেগ সংক্রান্ত সমস্যা বা মানসিক স্বাস্থ্যগত সমস্যা	1 ☐	2 ☐	3 ☐
(g) ব্যথা, শ্বাস প্রশ্বাস সংক্রান্ত বা অন্য কোনো দীর্ঘস্থায়ী অসুস্থতা বা জটিলতা	1 ☐	2 ☐	3 ☐

16 **দীর্ঘস্থায়ী সমস্যার কারণে আপনার কি নিম্নলিখিতগুলোর কোনো একটি করতে অসুবিধা রয়েছে?**

বার্ধক্যজনিত কারণে সমস্যাগুলো অন্তর্ভুক্ত করুন

	1 হ্যাঁ, যথেষ্ট	2 হ্যাঁ, খানিক টা	3 না
(a) পোশাক পরা, স্নান করা বা ঘরের মধ্যে চলাফেরা	1 ☐	2 ☐	3 ☐
(b) কেনাকাটা করতে বাড়ির বাইরে যাওয়া বা শল্য চিকিৎসার জন্য চিকিৎসকের কাছে যাওয়া	1 ☐	2 ☐	3 ☐
(c) কোনো চাকরি বা ব্যবসায়ে কাজ করা বা স্কুল বা কলেজে যোগ দেওয়া	1 ☐	2 ☐	3 ☐
(d) অবসর বা পরিবহন ব্যবহারের মতো অন্যান্য কাজে অংশ নেওয়া	1 ☐	2 ☐	3 ☐

17 **সাধারণ ভাবে আপনার স্বাস্থ্য কেমন?**

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন

1 ☐ খুব ভাল

2 ☐ ভাল

3 ☐ মোটামোটি

4 ☐ খারাপ

5 ☐ খুব খারাপ

18 **আপনি কি তামাক জাতীয় পণ্য সেবন করেন?**

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন।।

1 ☐ হ্যাঁ - প্রতিদিন

2 ☐ হ্যাঁ – কখনো কখনো

3 ☐ না – আমি ধূমপান ছেড়ে দিয়েছি

4 ☐ কখনো না

19 **আপনি কর্মক্ষেত্রে, স্কুলে, কলেজে বা শিশু পরিচর্যায় সাধারণতঃ কিভাবে যান?**

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন, দূরত্ব অনুসারে আপনার যাত্রার জন্য দীর্ঘতম দূরত্বের জন্য

1 ☐ কর্মক্ষেত্র, স্কুল, কলেজে বা শিশু পরিচর্যায় নয়

2 ☐ পায়ে হেঁটে

3 ☐ বাইসাইকেল

4 ☐ বাস, মিনিবাস বা কোচ

5 ☐ ট্রেন, DART বা LUAS

6 ☐ মোটর সাইকেল বা স্কুটার

7 ☐ গাড়ি চালিয়ে

8 ☐ কোনো গাড়িতে যাত্রী হয়ে

9 ☐ ভ্যান

10 ☐ অন্যান্য (লরিসহ)

11 ☐ সাধারণতঃ বাড়িতে থেকেই অফিসের কাজ করি

20 **আপনি সাধারণত কখন বাড়ি থেকে বেরোন?**

24-ঘণ্টার ঘড়ি অনুযায়ী সময় লিখুন, যেমন 08:30

☐☐ : ☐☐

21 **আপনার যাত্রায় কত সময় লাগে?**

মিনিটে লিখুন

☐☐☐

22 **আপনি সাধারণত কখন কর্মক্ষেত্র, স্কুল, কলেজ বা শিশু পরিচর্যা কেন্দ্র ত্যাগ করেন?**

24-ঘণ্টার ঘড়ি অনুযায়ী সময় লিখুন, যেমন 17:30

☐☐ : ☐☐

23 **আপনি কি কোনো পরিবারের সদস্য, প্রতিবেশী বা দীর্ঘমেয়াদি অসুস্থতা, স্বাস্থ্যগত সমস্যা, বার্ধক্য বা প্রতিবন্ধিতার সাথে সম্পর্কিত কোনো সমস্যায় আক্রান্ত বন্ধুকে নিয়মিত বিনা বেতনে সাহায্য প্রদান করেন?**

1 ☐ হ্যাঁ 2 ☐ না

'হ্যাঁ' হলে, সপ্তাহে কত ঘণ্টা?

24-ঘণ্টার ভিত্তিতে পরিচর্যা প্রদান, সপ্তাহে 7 দিন সমান 168 ঘণ্টা

ঘণ্টায় লিখুন

☐☐☐

24 **আপনি কি নিয়মিত বিনা বেতনে নিচের যে কোনো কার্যক্রমে সহায়তা বা স্বেচ্ছাসেবার কাজে নিযুক্ত হন?**

প্রযোজ্য সবগুলো ঘর ▬ চিহ্নিত করুন

1 ☐ সামাজিক বা দাতব্য সংস্থা

2 ☐ ধর্মীয় গোষ্ঠী বা গির্জা

3 ☐ ক্রীড়া সংগঠন

4 ☐ রাজনৈতিক সংগঠন

5 ☐ আপনার কমিউনিটিতে

6 ☐ না

25 **আপনার বয়স 15 বছরের কম হলে ▶ Q36-এ যান**

26 **আপনি কি আপনার পূর্ণকালীন শিক্ষা বন্ধ করেছেন?**

1 ☐ হ্যাঁ 2 ☐ না

'হ্যাঁ' হলে যে বয়সে বন্ধ হয়েছে তা লিখুন।

☐☐

27 **আপনার কত দূর পর্যন্ত সর্বোচ্চ কোন শিক্ষা/প্রশিক্ষণের স্তর (পূর্ণকালীন বা খণ্ডকালীন) সম্পন্ন করেছেন?**

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন

1 ☐ কোনো প্রাতিষ্ঠানিক শিক্ষা/প্রশিক্ষণ নেই

2 ☐ প্রাথমিক শিক্ষা
NFQ স্তর 1 বা 2

3 ☐ লোয়ার সেকেন্ডারি
NFQ স্তর 3
জুনিয়র/ইন্টার/গ্রুপ সার্টিফিকেট

4 ☐ আপার সেকেন্ডারি
NFQ স্তর 4 বা 5
লিভিং সার্টিফিকেট

5 ☐ কারিগরি বা বৃত্তিমূলক
NFQ স্তর 4 বা 5

6 ☐ উন্নত স্তরের সার্টিফিকেট/শিক্ষানবিসি সম্পন্ন হয়েছে
NFQ স্তর 6

7 ☐ উচ্চতর সার্টিফিকেট
NFQ স্তর 6

8 ☐ সাধারণ স্নাতক ডিগ্রি বা জাতীয় ডিপ্লোমা
NFQ স্তর 7

9 ☐ অনার্স স্নাতক ডিগ্রি/পেশাদার শিক্ষাগত যোগ্যতা বা উভয়
NFQ স্তর 8

10 ☐ স্নাতকোত্তর ডিপ্লোমা বা ডিগ্রি
NFQ স্তর 9

11 ☐ ডক্টরেট (পিএইচডি) বা উচ্চতর NFQ স্তর 10

28 আপনি আপনার বর্তমান পেশাগত অবস্থান কিভাবে বর্ণনা করবেন?

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন

1 অর্থ বা লাভের জন্য কর্মরত
2 প্রথম নিয়মিত কাজের অনুসন্ধানে
3 স্বল্পমেয়াদি বেকার (12 মাসের কম)
4 দীর্ঘমেয়াদি বেকার (12 মাসের অধিক)
5 শিক্ষার্থী বা অধ্যয়নরত
6 বাড়ি/পরিবারের দেখাশোনা
7 চাকরি থেকে অবসর প্রাপ্ত
8 স্থায়ী অসুস্থতা বা অক্ষমতার কারণে কাজ করতে অক্ষম
9 অন্যান্য, এতে লিখুন

29 আপনি কর্মরত হলে ▶ Q30-এ যান

আপনি বেকার বা অবসরপ্রাপ্ত হলে ▶ Q31-এ যান

আপনি শিক্ষার্থী হলে ▶ Q36-এ যান

অন্যথায় ▶ Q38-এ যান

30 যদি আপনি কর্মরত, তাহলে আপনি কি কখনো বাড়ি থেকে কাজ করেন?

1 হ্যাঁ 2 না

'হ্যাঁ' হলে আপনি সাধারণতঃ বাসা থেকে সপ্তাহে কত দিন কাজ করেন?

দিন সংখ্যা লিখুন

31 আপনার প্রধান কাজে আপনি কি কোনো কর্মচারী হিসাবে কাজ করেন (করতেন) বা আপনি কি নিজস্ব ব্যবসায় নিয়জিত আছেন?

আপনার প্রধান কাজ বলতে সেই কাজকে বোঝায় যাতে আপনি সাধারণতঃ সর্বাধিক সময় কাটান

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন

1 কর্মচারী
2 নিজস্ব ব্যবসায় নিয়জিত আছেন, সাথে বেতনভুক্ত কর্মচারী
3 নিজস্ব ব্যবসায় নিয়জিত আছেন, বেতনভুক্ত কর্মচারী বহির্ভূত
4 আত্মীয়কে সহায়তা প্রদান (নির্ধারিত মজুরী বা বেতন প্রাপ্ত নয়)

আপনার কাজ কি পূর্ণকালীন / খণ্ডকালীন (ছিল)?

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন

1 পূর্ণকালীন
2 খণ্ডকালীন

32 আপনার প্রধান কাজে আপনার পেশা কি (ছিল)?

সব ক্ষেত্রে পেশাকে পুরোপুরি এবং সঠিকভাবে পুরো কাজের পদবিসহ বর্ণনা দিন

উদাহরণস্বরূপ: খুচরা দোকানের ম্যানেজার, মাধ্যমিক শিক্ষক, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার। *বেসামরিক কর্মচারী এবং স্থানীয় সরকারের কর্মচারীদের তাদের গ্রেড উল্লেখ করতে হবে, যেমন -* জ্যেষ্ঠ প্রশাসনিক কর্মকর্তা। *গার্ডি (Gardaí) বা প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের তাদের পদবিসহ উল্লেখ করা উচিত।*আপনার মূল পেশা লিখুন

কৃষক হলে, খামারের আকার লিখুন 1 একর 2 হেক্টর

33 আপনি অবসরপ্রাপ্ত হলে ▶ Q38-এ যান

34 আপনি যেখানে আপনার প্রধান কাজে নিযুক্ত (ছিলেন) সেখানে আপনার নিয়োগকর্তার কিসের ব্যবসা (ছিল)?

আপনার নিজস্ব ব্যবসা থাকলে ব্যবসা সংক্রান্ত উত্তর দিন
আপনার নিয়োগকর্তার মূল পণ্য বা প্রদানকৃত সেবার বর্ণনা দিন

উদাহরণস্বরূপ: কম্পিউটার তৈরি করা, গাড়ি মেরামত করা, মাধ্যমিক শিক্ষা, খাদ্য সামগ্রীর পাইকার, ওষুধ তৈরি, চুক্তি ভিত্তিক পরিচ্ছন্নতার কাজের, সফ্টওয়্যার উন্নয়ন এবং সহায়তা

35 আপনি বেকার হলে ▶ Q38-এ যান

36 আপনার কর্মস্থান, স্কুল, কলেজ বা শিশু পরিচর্যা কেন্দ্রের পুরো নাম এবং ঠিকানা কি?

আপনি স্কুল এবং শিশু পরিচর্যা কেন্দ্র উভয় স্থানে থাকলে আপনার স্কুলের নাম এবং ঠিকানা লিখুন

পূর্ণ নাম

ঠিকানা

E I R C O D E

1 প্রধানত বাড়িতে বা বাড়ি থেকেই 2 কাজের কোনো নির্দিষ্ট স্থান নেই

37 আপনার বয়স 15 বছরের কম হলে আপনি কি কোনো ধরনের শিশু পরিচর্যার অধীনে রয়েছেন?

1 হ্যাঁ 2 না

'হ্যাঁ' হলে শিশু পরিচর্যার মূল ধরন কি?

কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন

1 স্বেচ্ছায় সেবা দান কারি আত্মীয় বা পরিবারের সদস্য
2 আর্থিক সুবিধাভোগী আত্মীয় বা পরিবারের সদস্য
3 চাইল্ডমাইন্ডার (চাইল্ডমাইন্ডারের বাড়িতে)
4 অ-পেয়ার/আয়া/চাইল্ডমাইন্ডার (চাইল্ডমাইন্ডারের বাড়িতে)
5 ক্রেশ/ মন্টেসরি / প্লে গ্রুপ / স্কুল পরবর্তী
6 অন্যান্য (বিশেষ চাহিদার সুবিধা, প্রাতঃরাশ ক্লাব ইত্যাদিসহ)

এবং টার্মকালীন সময়ে প্রতি সপ্তাহে কত ঘণ্টা?

ঘণ্টায় লিখুন

38 পরের পৃষ্ঠা থেকে শুরু করে 2 নং ব্যক্তির জন্য প্রশ্নগুলোর উত্তর দিন। 3 এপ্রিল রাতে পরিবারে অন্য কোনো ব্যক্তি উপস্থিত না থাকলে

▶ পৃষ্ঠা 22-এ যান

অনপস্থিত ব্যক্তি 4 — ঘোষণা

বিশেষ করে সমস্ত প্রাথমিক, সেকেন্ডারি এবং তৃতীয় স্তরের শিক্ষার্থী যারা রবিবার 3 এপ্রিল মেয়াদ চলাকালীন সময়ে বাড়ি থেকে দূরে অবস্থান করে, এই ঠিকানায় নয়, তাদের অন্তর্ভুক্ত করুন ।

A1 এই ব্যক্তির নাম কি?

নামের প্রথম অংশ (বড় হাতের অক্ষরে)

বংশনাম/ উপাধি (বড় হাতের অক্ষরে)

A2 এই ব্যক্তির লিঙ্গ পরিচয় কি?

1 পুরুষ 2 নারী

A3 এই ব্যক্তির জন্ম তারিখ কত?

দিন মাস বছর

A4 পৃষ্ঠা 4-এ 1 নং ব্যক্তির সাথে এই ব্যক্তির সম্পর্ক কি?

কেবল একটি ঘর চিহ্নিত করুন

1 স্বামী বা স্ত্রী
2 পার্টনার (সমলিঙ্গের পার্টনারসহ)
3 পুত্র বা কন্যা
9 অন্য কোনো সম্পর্ক, সম্পর্ক লিখুন
10 সম্পর্কহীন (পালিত সন্তানসহ)

A5 এই ব্যক্তির বর্তমান বৈবাহিক অবস্থা কি?

15 বছর বা অধিক বয়সী হলে উত্তর দিন।
কেবল একটি ঘর চিহ্নিত করুন

1 অবিবাহিত (কখনো বিয়ে হয়নি বা কখনো সমলিঙ্গের আইনি সম্পর্কে ছিল না)
2 বিবাহিত (পুনর্বিবাহিতসহ)
4 নিবন্ধিত সম লিঙ্গের আইনি সম্পর্ক
5 বিচ্ছিন্ন
6 বিবাহ বিচ্ছেদ
7 বিধবা/বিপত্নীক

A6 এই ব্যক্তি মোট কত দিন থেকে আলাদা?

1 12 মাসের চেয়ে কম সময়
2 12 মাস বা তার বেশি সময়

A7 3 এপ্রিল রবিবার এই ব্যক্তি কি আয়ারল্যান্ড প্রজাতন্ত্রে ছিল?

1 হ্যাঁ 2 না

A8 এই ব্যক্তি কোন দেশের নাগরিক?

তাদের দ্বৈত নাগরিকত্ব থাকলে অনুগ্রহ করে উভয়টি ঘোষণা করুন

1 আয়ারল্যান্ড
2 অন্য নাগরিকত্ব, লিখুন
3 নাগরিকত্ব নাই

পরিবারের 4 জনের চেয়ে বেশি সদস্য রবিবার 3 এপ্রিল রাত্রে অস্থায়ীভাবে অনুপস্থিত থাকলে অনুগ্রহ করে আপনার গণনাকারীর সাহায্য নিন

ফরমটি পূরণ করার জন্য দায়িত্ববান ব্যক্তি ঘোষণা পত্রটি পূরণ করবেন হবে

ঘোষণা পত্রে স্বাক্ষর করার আগে অনুগ্রহ করে যাঁচাই করুন:

- 3 পৃষ্ঠায় তালিকা 1-এ আপনি এই ঠিকানায় 3 এপ্রিল রবিবার রাত্রি যাপনকারী সমস্ত ব্যক্তিকে (অতিথি অন্তর্ভুক্ত) গণনা করেছেন।
- পরিবারে 3 এপ্রিল রবিবার রাত্রি যাপনকারী প্রত্যেক ব্যক্তির জন্য উত্তর দেওয়া উচিত এমন সমস্ত প্রশ্নের উত্তর আপনি দিয়েছেন (4-21 পৃষ্ঠা এবং যে কোনো অতিরিক্ত ফরম)।
- 3 পৃষ্ঠার তালিকা 2-এ যারা এই ঠিকানায় সাধারণত বাস করে তবে 3 এপ্রিল রবিবার অস্থায়ীভাবে অনুপস্থিত ছিল, তাদের সবাইকে হিসাবে ধরেছেন।
- 3 এপ্রিল রবিবার রাত্রে অস্থায়ীভাবে অনুপস্থিত পরিবারের সমস্ত সদস্যর জন্য 22-23 পৃষ্ঠার সমস্ত প্রশ্নের উত্তর দিয়েছেন।

আমি ঘোষণা করছি যে এই ফরম আমার জ্ঞান এবং বিশ্বাস অনুসারে সম্পূর্ণ সঠিক এবং পুরনাঙ্গ।

স্বাক্ষর

সময় ক্যাপস্যুল:

আপনি এই সময় ক্যাপস্যুলে যে তথ্য প্রদান করবেন তা ঐচ্ছিক এবং পরিসংখ্যান আইন 1993 এর 24 অনুচ্ছেদের আওতায় সংগ্রহের ক্ষেত্রে আপনার ইচ্ছাধীন। এই বিষয়বস্তু আপনার গোপনীয়তা সুরক্ষার আওতায় আপনার সমস্ত আদমশুমারির তথ্যের ন্যায় 100 বছরের জন্য সুরক্ষিত।100 বছর পরে এই সময় ক্যাপস্যুল জনসাধারণের জন্য উন্মুক্ত করা হবে। **এই স্থানটি কেবল হাতে লেখা বার্তার জন্য। ছবি বা অন্যান্য সংযুক্তি অপসারণ করা হবে এবং ফিরিয়ে দেওয়া যাবে না।**

প্রশ্ন H2 –বাসস্থানটি কি আপনার পরিবারের মালিকানার, নাকি ভাড়াতে নেওয়া হয়েছে?

আপনার থাকার স্থানটি ভাড়া নেওয়া হলে (ঘর 3), বা আপনি ভাড়া ছাড়াই থাকলে (ঘর 4), প্রশ্নের দ্বিতীয় অংশ 'আপনার বাড়ির মালিক কে?' এর উত্তর দেওয়া উচিত। আপনার বাড়ির মালিক নির্বাচন করার সময়, কোনো 'ব্যক্তিগত বাড়ির মালিক' বা কোনো 'স্থানীয় কর্তৃপক্ষ'র ভাড়াটেদের যথাক্রমে 1 এবং 2 নং বাক্সে চিহ্নিত করা করুন, অন্যদিকে কোনো আবাসন সংস্থার ভাড়াটেদের 3 নং ঘর চিহ্নিত করে 'স্বেচ্ছাধীন/সমবায় আবাসন সংস্থা' চিহ্নিত করা করুন। এটা আপনার ভাড়ার সম্পূর্ণ অংশ বা আংশিক নিজে প্রদান নির্বিশেষে বা আপনার পক্ষে সরকার বা অন্য কোনো সংস্থা কর্তৃক প্রদান নির্বিশেষে প্রযোজ্য।

প্রশ্ন H3 – যদি আপনার বাসস্থানটি ভাড়ায় নেওয়া হয়ে থাকে তবে আপনার পরিবার কী পরিমাণ ভাড়া দেয়?

সরকার বা অন্য কোনো সংস্থা ভাড়ার অংশ প্রদান করে থাকলে কেবল পরিবার কর্তৃক প্রদান করা ভাড়ার অংশ অন্তর্ভুক্ত করা করুন। পরিমাণটি নিকটতম ইউরোতে উল্লেখ করুন এবং নির্ধারিত সময়কালের সমতুল্য ঘরটি চিহ্নিত করুন। উদাহরণস্বরূপ আপনার পরিবার সাপ্তাহিক ভাড়া 78.60 ইউরো দিয়ে থাকলে 79 লিখুন এবং ঘর 1 চিহ্নিত করুন। আপনার সম্পূর্ণ ভাড়া আপনার পক্ষে প্রদান করা হয়ে থাকলে তবে 0 লিখুন এবং ঘর 1 চিহ্নিত করুন।

প্রশ্ন 4 – সম্পর্ক

সম্পর্কের প্রশ্নটি বাড়িতে বসবাসরতদের মধ্যে পরিবার নির্ধারণ করতে ব্যবহার করা হয়, সেই সাথে যেক্ষেত্রে একটি বাড়িতে বসবাসরতদের মধ্যে দুই বা ততোধিক পরিবার থাকে। একসাথে বসবাসরত দম্পতি যারা বিবাহিত নয় তাদের 'পার্টনার' (সমলিঙ্গের পার্টনারসহ) বিভাগটিতে দাগ দিন ।

নিচের উদাহরণটি কোনো সন্তানের (ব্যক্তি 4) ক্ষেত্রে প্রশ্নের উত্তর কিভাবে দেওয়া উচিত তা দেখায়, যেখানে নাতি-নাতনি হল ব্যক্তি 1 ও 2, এবং মা হলেন ব্যক্তি 3।

সম্পর্ক কেবল পরিবারের জন্য উল্লেখিত প্রথম চার ব্যক্তিকেই বোঝায়। বৈবাহিক সূত্রের সম্পর্কের ন্যায় যেসব সম্পর্ক তালিকায় অন্তর্ভুক্ত নেই, সেক্ষেত্রে ঘর 9 'অন্যান্য সম্পর্কিত'-এ টিক দিন।

প্রত্যেক ব্যক্তির জন্য কেবল একটি ঘর ▬ চিহ্নিত করুন।

4 নং ব্যক্তির সাথে এর সম্পর্কে		ব্যক্তি 1	ব্যক্তি 2	ব্যক্তি 3
স্বামী বা স্ত্রী	1			
পার্টনার (সমলিঙ্গের পার্টনারসহ)	2			
পুত্র বা কন্যা	3			▬
সৎ সন্তান	4			
ভাই বা বোন	5			
মা বা বাবা	6			
সৎ মা/-বাবা	7			
নাতি/নাতনি	8	▬	▬	
অন্যান্য সম্পর্ক	9			
সম্পর্ক নেই (পালিত সন্তানসহ)	10			

প্রশ্ন 7 – আপনি সাধারণত কোথায় বাস করেন?

এই প্রশ্নটি আদমশুমারির সময় আপনার সাধারণ বসবাসের স্থান উল্লেখ করে। আপনি এই ঠিকানায় আদমশুমারির রাত্রের আগে একটানা 12 মাস সময়কাল থেকে থাকলে বা এই ঠিকানা আদমশুমারির রাত্রের আগে কমপক্ষে এক বছর এখানে থাকার উদ্দেশ্যে 12 মাস সময়কাল পূর্বে এসে থাকলে আপনার 1 নং ঘর (এখানে এই ঠিকানায়) চিহ্নিত করা উচিত। আপনার সাধারণ বসবাসের স্থান এখানে না হলে ও আয়ারল্যান্ডের অন্য কোথাও হলে (উত্তর আয়ারল্যান্ডসহ) আপনার 2 নং ঘরটি চিহ্নিত করা উচিত এবং আপনার সম্পূর্ণ ঠিকানা লেখা উচিত। সাধারণ নির্দেশিকা হল কোনো ব্যক্তির সাধারণ বসবাসের স্থান বলতে সেটি বোঝায় যেখানে সে তার প্রাত্যহিক রাত্রি বাসের জন্য সর্বাধিক সময় অতিবাহিত করে। নিম্নলিখিত নির্দিষ্ট নির্দেশিকা ব্যবহার করা উচিত:

- সপ্তাহে বাড়ি থেকে দূরে অবস্থানরত ব্যক্তি যারা সপ্তাহান্তে পারিবারিক বাড়িতে ফিরে আসে – তাদের পারিবারিক বাড়ি হল তাদের সাধারণ আবাসস্থল।
- বাড়ি থেকে দূরে অবস্থানরত প্রাথমিক এবং সেকেন্ডারি শিক্ষার্থী, এবং কলেজ বা বিশ্ববিদ্যালয়ের তৃতীয় স্তরের শিক্ষার্থীরা - পারিবারিক বাড়ি হল তাদের সাধারণ বসবাসের স্থান।
- কোনো ব্যক্তি 12 মাস বা তার চেয়ে বেশি সময়কাল কোনো প্রতিষ্ঠানে কাটালে বা কাটানোর ইচ্ছা থাকলে – সেক্ষেত্রে সেই প্রতিষ্ঠান তাদের সাধারণ বসবাসের স্থান।
- একবছর সময়কালে যেসব ব্যক্তি একাধিক আবাসস্থলে থাকে - বছরের বেশির ভাগ সময় তারা যে আবাসস্থলে থাকে সেটি তাদের সাধারণ আবাসস্থল।

প্রশ্ন 8 – আপনি এক বছর আগে সাধারণতঃ কোথায় বাস করতেন?

এই প্রশ্নটি 1 বছর বা তার চেয়ে বেশি বয়সীদের জন্য। 7 নং প্রশ্নের সাথে সম্পর্কিত নির্দেশিকাও এই প্রশ্নে প্রযোজ্য। যদি অপানার সাধারণ বসবাসের স্থান আদমশুমারির এক বছর আগে এখনকার মতো একই থাকলে আপনার 1 নং ঘর (বর্তমানের মতো) চিহ্নিত করা উচিত।

প্রশ্ন 10 – আপনি কোন দেশের নাগরিক?

আপনার একের বেশি নাগরিকত্বের দেশ থেকে থাকলে অনুগ্রহ করে এর সব ক'টি ঘোষণা করুন। আপনার দ্বৈত আইরিশ নাগরিকত্ব থেকে থাকলে (যেমন কোনো নাগরিকত্বের অনুষ্ঠানে অংশগ্রহণের মাধ্যমে), অনুগ্রহ করে 1 এবং 2 নং ঘর চিহ্নিত করুন এবং আপনার দ্বিতীয় নাগরিকত্বের দেশ উল্লেখ করুন। উদাহরণের জন্য নিচে দেখুন।

1 ▬ আয়ারল্যান্ড

2 ▬ অন্য নাগরিকত্ব, লিখুন

P H I L I P P I N
E S

3 ☐ কোনো নাগরিকত্ব নেই

আপনি এমন দু'টি দেশের নাগরিক হলে যার কোনোটিই আয়ারল্যান্ড নয়, তাহলে 2 ঘর চিহ্নিত করুন নাগরিকত্বের দু'টি দেশের নাম লিখুন।

প্রশ্ন 11 – আপনার নৃতাত্ত্বিক গোষ্ঠী/ভিত্তি কি?

আপনি যদি মনে করেন যে, 1 থেকে 10 নং বাক্সে উল্লেখিত বিকল্পগুলো আপনার নৃতাত্ত্বিক গোষ্ঠী/পটভূমি পুরোপুরি বর্ণনা করতে পারছে না, তাহলে আপনার উচিত বিভাগ এর 11 বা 12 নং ঘর চিহ্নিত করা এবং প্রদত্ত বাক্সে আপনার নৃতাত্ত্বিক গোষ্ঠী উল্লেখ করুন। নিচের উদাহরণ দেখুন।

11 ☐ মিশ্র, বর্ণনা দিন

12 ▬ অন্য, বর্ণনা দিন

K U R D I S H

প্রশ্ন 15 – আপনার কি নিম্নলিখিত কোনো দীর্ঘস্থায়ী সমস্যা বা জটিলতা রয়েছে?

এই প্রশ্নের ক্ষেত্রে দীর্ঘস্থায়ী সমস্যা বা জটিলতা হল সেটি যা ছয় মাস বা তার বেশি সময়ের জন্য স্থায়ী বা স্থায়ী হবে বলে ধারণা করা হয় বা যেটির নিয়মিত পুনরাবৃত্তি হয়।

প্রশ্ন 23 – আপনি কি কোনো দীর্ঘস্থায়ী অসুস্থতা, স্বাস্থ্যগত সমস্যা, বার্ধক্য জনিত সমস্যা বা অক্ষমতা রয়েছে এমন কোনো পারিবারিক সদস্য, প্রতিবেশী বা বন্ধুকে নিয়মিতভাবে বিনা পারিশ্রমিকে ব্যক্তিগত সহায়তা প্রদান করেন?

আপনি বিনা পারিশ্রমিকে দেখাশুনাকারী হিসাবে সেবা প্রদান করে থাকলে, দেখভালকারীর ভাতা/সুবিধা প্রাপ্ত নির্বিশেষে আপনার 'হ্যাঁ' (ঘর 1) চিহ্নিত করা এবং পরিচর্যার সাপ্তাহিক মোট ঘণ্টা লেখা উচিত।

প্রশ্ন 27 – আপনার এখন পর্যন্ত সম্পন্ন করা শিক্ষা/প্রশিক্ষণের সর্বোচ্চ স্তর (পূর্ণকালীন বা খণ্ডকালীন) কি?

এই প্রশ্নে স্বতন্ত্র বিভাগগুলো ন্যাশনাল ফ্রেমওয়ার্ক অব কোয়ালিফিকেশন (NFQ) অনুসরণ করে। আরও বিশদ তথ্য www.QQI.ie-এ পাওয়া যাবে।

অতিরিক্ত তথ্য

আমাদের ওয়েবসাইটে আপনি তথ্য সুরক্ষা সম্পর্কে আপনার প্রশ্নের উত্তর না পেলে, বা আপনি কোনো অভিযোগ করতে চাইলে এখানে যোগাযোগ করতে পারেন:

Data Protection Officer
Central Statistics Office
Skehard Road
Cork, T12 X00E

বা

Data Protection Commissioner
Canal House
Station Road
Portarlington, R32 AP23

প্রতিটি প্রশ্ন সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যামূলক নোট এর জন্য দেখুন
www.census.ie